দর্শনা সীমান্তে সাড়ে ১৭ কেজি ভারতীয় তৈরী রুপার গহনাসহ মোটরসাইকেল উদ্ধার

দর্শনা সীমান্তে বিজিবির চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেছে। আটক করতে পারেনী চোরাচালনানীকে। এ অভিযানে স্কচটেপ দিয়ে মোড়ানো ১৫টি প্যাকেটে সাড়ে ১৭ কেজি ভারতীয় তৈরী রুপার গহনা আটক করেছে। এসময় চোরাকারবারীর ফেলে যাওয়া একটি মোটরসাইকেল জব্দ করেছে বিজিবি।

এ ঘটনায় বিজিবি বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করে আটককৃত ভারতীয় তৈরীকৃত রুপাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমার প্রক্রিয়াধীন রয়েছে।

বিজিবি জানায়, চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত সুলতানপুর সীমান্ত দিয়ে ভারত হতে বাংলাদেশে রুপার গহনা চোরাচালান যাচ্ছে এ মর্মে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি এর নেতৃত্বে সুলতানপুর বিওপির টহল কমান্ডার নায়েক রবিউল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত মেইন পিলার ৭৮ হতে আনুমানিক ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে ছয়ঘরিয়া পাঁকারাস্তার পাশে এ্যাম্বুশ করে। অবস্থানের একপর্যায় আনুমানিক দুপুর ৩ টার দিকে সীমান্তের শূণ্য লাইন হতে দর্শনা অভিমুখে অজ্ঞাত একজন ব্যক্তিকে মোটরসাইকেল যোগে যেতে দেখলে টহলদল তাকে ধাওয়া করে। তখন উক্ত অজ্ঞাত ব্যক্তি টহলদলের উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেলটি ফেলে দৌড়ে মাঠের মধ্যে পালিয়ে গেলে চোরাকারবারীদের ফেলে যাওয়া মোটরসাইকেলটি জব্দ করে বিজিবি।

পরে টহলদল জব্দকৃত মোটরসাইকেলটি তল্লাশী করে মোটরসাইকেলের তেলের ট্যাংকির মধ্যে অভিনব কায়দায় স্কচটেপ দিয়ে মোড়ানো ১৫ টি প্যাকেট হতে ১৭ কেজি ৫০০ গ্রাম ওজনের ভারতীয় তৈরীকৃত রুপার গহনা এবং ১টি মোটরসাইকেল আটক করতে সক্ষম হয়। এ ব্যাপারে সুলতানপুর বিজিবি ক্যাম্পের নায়েক রবিউল ইসলাম বাদী হয়ে দর্শনা থানায় একটি মামলা দায়ের করে আটককৃত ভারতীয় তৈরীকৃত রুপাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

[redacted]

[redacted]

পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিতিতে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সামনে অনশনরত সদস্যদের আশ্বস্ত করেন যে, আগামী ০২ (দুই) মাসের মধ্যে তাদের যৌক্তিক সকল দাবি বাস্তবায়ন করা হবে। জেলার উর্ধ্বতন কর্মকর্তাদের আশ্বাসের প্রেক্ষিতে অনশনরত সদস্যরা সন্তুষ্ট হয়ে পানি পানের মধ্য দিয়ে আমরন অনশন ভাঙ্গেন।

উক্ত আমরণ অনশন কর্মসূচিতে আরও নেতৃত্বে ছিলেন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তান সংসদ চুয়াডাঙ্গা জেলা শাখার সদস্য সচিব বখতিয়ার হোসেন জোয়ার্দার, যুগ্ন আহবায়ক আবু হাশেম, যুগ্ন আহবায়ক জাকির হোসেন, যুগ্ন আহবায়ক বায়েজিদ রহমান জোয়ার্দার, যুগ্ন আহবায়ক ববিন মোস্তাফিজ, যুগ্ন আহবায়ক আলিফ জোয়ার্দার, জেলা শাখা সদস্য দারুল ইসলাম খুশি খাতুন সহ সদর উপজেলার আহবায়ক আকরামুল হক কামাল, সদর উপজেলা সদস্য সচিব শাহাজান আলী, যুগ্ম আহবায়ক আয়নাল হোসেন, চুয়াডাঙ্গা পৌর আহবায়ক সোহেল রানা, পৌর সদস্য সচিব জসিম উদ্দিন নিয়তি পৌর যুগ্ম আহবায়ক আরশাফুল আলম, পদ্মবিলা ইউনিয়ন সদস্য সচিব আলী হোসেন, যুগ্ম আহবায়ক আজাদ আলী, যুগ্ম আহবায়ক হাতেম আলী, কুতুবপুর ইউনিয়ন আহবায়ক আঃ হান্নান, মাখালডাঙ্গা ইউনিয়ন আহবায়ক বিশারত আলী, যুগ্ম আহবায়ক ইসাহাক আলী, সদস্য জান্টু, শংকরচন্দ ইউনিয়ন যুগ্ম আহবায়ক কামাল হোসেন, সদস্য লাভলু মিয়া, আশরাফুল ইসলাম, আলুকদিয়া ইউনিয়ন আহবায়ক ঝন্টু মিয়া সহ জেলার সাধারণ মানুষ।

চুয়াডাঙ্গায় কিশোর কিশোরী ক্লাবের বৃক্ষরোপণ কর্মসুচি পালন

“গাছ লাগান, পরিবেশ বাঁচান ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সাধারণ সম্পাদক সাব্বির আহমেদ আকাশের নেতৃত্বে গাছ লাগানো কর্মসুচি পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল চারটায় চুয়াডাঙ্গা রাহেলা খাতুন গার্লস

একাডেমির মাঠ প্রাঙ্গনে গাছ লাগানো হয়। গাছ লাগানো কর্মসুচি শুভ উদ্বোধন করেন, চুয়াডাঙ্গা পৌর ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর মাফিজুর রহমান মাফি। ফলজ, ঐষধি, বনজ গাছ।

এই কর্মসুচিতে এই গাছগুলো লাগানো হয়। কৈশোর কর্মসুচির আওতায় আয়োজনে ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশন।

বৃক্ষরোপন কর্মসুচিতে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের উপদেষ্টা শেখ লিটন, প্রচার প্রকাশনা সম্পাদক মনিরুল ইসলাম, মেন্টর শুভ, রাতুল, রিয়া, তথ্য ও প্রযুক্তি সম্পাদক মায়মুনা, প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ।

আলমডাঙ্গা সমাজ সেবা কর্মকর্তাকে মারপিটের ঘটনায় হিসাব রক্ষক মনিরুজ্জামান বদলি

আলমডাঙ্গা সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইনকে মারপিটের ঘটনায় উচ্চমান সহকারী হিসাব রক্ষক মনিরুজ্জামানকে চট্টগ্রামের পটিয়া উপজেলা সমাজসেবা অধিদফতরে বদলি করা হয়েছে। আগামীকাল বৃহস্পতিবার তিনি আলমডাঙ্গা অফিসের দায়িত্বভার বুঝিয়ে দিবেন তিনি।

উল্লেখ্য, গত রবিবার দুপুর সাড়ে ৩ টার দিকে উচ্চমান সহকারী (হিসাব রক্ষক) মনিরুজ্জামানকে জেলা সমাজ সেবা অধিদফতর (ডিজি) বরাবর চিঠি তৈরি করতে নির্দেশ দেন উপজেলা সমাজ সেবা অফিসার নাজমুল হুসাইন। চিঠিতে একাধিক ভুল থাকায় তাকে পূণরায় সংশোধন করতে বললে মনিরুজ্জামান ক্ষিপ্ত হয়ে ওঠে। শুরু হয় তর্কাতর্কি। এক পর্যায়ে তার উপর আক্রমণ করেন মনিরুজ্জামান। এরপর আহত নাজমুল

হুসাইনকে হারদি হাসপাতালে ভর্তি করা হয়।

উদ্ভুত ঘটনায় আলমডাঙ্গার অফিস পাড়ায় তীব্র ক্ষোভের সৃষ্টি হয়। উপজেলা প্রশাসন জরুরি মিটিংয়ে বসেন। মিটিংয়ে অভিযুক্ত উচ্চমান সহকারীকে আসামী করে থানায় মামলা দায়েরের সিদ্ধান্ত হয়। ওইদিন দুপুরেই উপজেলা সমাজসেবা অফিসার নাজমুল হুসাইন থানায় মামলা দায়ের করেন।

এরইমধ্যে অভিযুক্ত উচ্চমান সহকারী মনিরুজ্জামানকে চট্টগ্রামের পটিয়া অফিসে বদলীর আদেশ আসে।

দর্শনা-কার্পাসডাঙ্গা সড়কে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ নিহত ১,আহত ১

দর্শনা-কার্পাসডাঙ্গা মহা-সড়কের দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সংঘর্ষে ঘটনাস্থলেই রাতুল মোল্লা (২৩) নামের এক মোটরসাইকেল চালক কলেজ ছাত্রের মর্মান্তিক মৃত্যু হয়েছে। আজ বুধবার সন্ধা সাড়ে ৭টার দিকে দর্শনক – মুজিবনগর সড়কের রুদ্রনগর মাদ্রাসার সামনে এ মর্মান্তিক দূর্ঘটনাটি ঘটে।

এসময় মূর্শিদ আলম (৩০) নামের গুরুত্বর আহত অবস্থায় মোটরসাইকেল চালককে উদ্ধার করে নেওয়া হয়েছে হাসপাতালে। নিহত মোটরসাইকেল চালক রাতুল মোল্লা চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের আনন্দবাজার পাড়ার সেতু ওরফে হকো মোল্লার ছেলে ও আহত মোটরসাইকেল চালক মুর্শিদ আলম একই উপজেলার হাউলী ইউনিয়নের রুদ্রনগর গ্রামের উঠতিপাড়ার আব্দুল মজিদের ছেলে।

এ দূর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে দূর্ঘটনার কবলে পড়া দুটি মোটরসাইকেল উদ্ধার করে দর্শনা থানা হেফাজতে নিয়েছে।

আজ বুধবার সন্ধা সাড়ে ৭ টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের আনন্দবাজার পাড়ার

সেতু ওরফে হকো মোল্লার ছেলে রাতুল মোল্লা (২৩) নিজ গ্রাম হতে দর্শনার দিকে যাচ্ছিল। এসময় পথিমধ্যে সড়কের রুদ্রনগর মাদ্রাসার সামনে পৌছালে বিপরিত দিক থেকে দর্শনা অভিমুখ হতে আসা একই উপজেলার হাউলী ইউনিয়নের রুদ্রনগর গ্রামের উঠতিপাড়ার আব্দুল মজিদের ছেলে মুর্শিদ আলমের (৩০) মোটরসাইকেলের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই রাতুল মোল্লা (২৩) নামের এক মোটরসাইকেল চালকের মর্মান্তিক মৃত্যু হয় আর মারাত্বক ভাবে আঘাত পেয়ে গুরুত্বর আহত হয় মূর্শিদ আলম নামের অপর মোটরসাইকেলের চালক।

এ দূর্ঘটনায় নিহত রাতুল মোল্লার লাশ বাড়িতে নেওয়া হয় ও গুরুত্বরভাবে আহত মুর্শিদ আলমকে স্থানীয় ও পথচারীদের সহযোগীতায় চিকিৎসার জন্য নেওয়া হয়েছে চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে।

নিহত রাতুল মোল্লা দর্শনা সরকারী কলেজের প্রথম বর্ষের শিক্ষার্থী ও আহত মূর্শিদ আলম পেশায় পান ব্যবসায়ী।

এ দূর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল হতে নিহত রাতুল মোল্লার ইয়ামাহ আরএক্স ১০০ সি:সি: যার রেজিঃ নং-(রাজশাহী-হ-১১-১৫৮১) ও গুরুত্বর আহত মুরশীদ আলমের ডাউন (ঝিনাইদহ-হ-১১-৮৫২৪) মোটরসাইকেলটি উদ্ধার করে থানা হেফাজতে নিয়েছে দর্শনা থানা পুলিশ।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ দূর্ঘটনার সত্যতা স্বীকার করে বলেন নিহতর ঘটনায় থানায় এখনো পর্যন্ত কোন অভিযোগ হয়নি। তবে নিহত রাতুলের লাশ পরিবারের নিকট হতে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হতে পারে।

জীবননগরে জেলা প্রশাসক আমিনুল ইসলাম খানের বিদায় সংবধনা

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খানকে বিদায় সংবধনা প্রদান করা হয়েছে। আজ বুধাবর বিকাল সাড়ে ৫টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা শেষে এ বিদায় সংবধনা প্রদান করা হয়।

জীবননগর উপজেলার বিদায়ী নিবাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,নবাগত উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ,জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র,উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান,সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিলটন,রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মিজা,হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল,সাংবাদিক সালাউদ্দিন কাজল,মিঠুন মাহমুদ,মাজেদুল মিল্টন,রিপন হোসেন,মুতাসিন,তুহিন প্রমুখ।

চুয়াডাঙ্গা যুবলীগের তারুণ্য জয়যাত্রা সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা আওয়ামী যুবলীগের তারুণ্যের জয়যাত্রা সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা শহীদ হাসান চত্বরের মুক্তমঞ্চে এই তারুণ্যের জয়যাত্রা সমাবেশ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠান সভাটি সভাপতিত্ব করেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগের চুয়াডাঙ্গা জেলা শাখার আহ্বায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈন হাসান জোয়ার্দার। সভাটি আয়োজনে ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগ চুয়াডাঙ্গা জেলা শাখা।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক এ্যাড. ড. শামিম আল সাইফুল সোহাগ।

আরিফ,আলমগীর হোসেন খোকা সহ চুয়াডাঙ্গা জেলা যুবলীগ নেতা মাসুদুর রহমান,দরূদ হাসান,হাসানুল ইসলাম পলেন,জুয়েল জোঃ,রামিম হাসান সৈকত,শেখ রাসেল,খালিদ মন্ডল সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের নেতৃবৃন্দ।

কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে কাঁথা ব্যবসায়ীদের মধ্যে সংঘর্ষে আহত ২

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে আজ বুধবার বিকাল ৫ ঘটিকার সময় নকশীকাঁথা ব্যবসায়ীদের মধ্যে ক্রয়-বিক্রয় করাকে কেন্দ্র করে বাকবিতন্ডা সৃষ্টি হয়।এবং একপর্যায়ে সংঘর্ষে রূপ নেয়।

এই সংঘর্ষে দুই জন আহত। আহতদের মধ্যে কার্পাসডাঙ্গা কলোনি পাড়ার মৃত আলী আহমেদ ছেলে শফিউদ্দিন (৪০), কার্পাসডাঙ্গার মিজানুর রহমানের ছেলে রাজু (৩৫) আহত হন। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। তাৎক্ষণিক কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে খবর গেলে এস আই ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে তারা দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এই রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ সূত্রে জানা গেছে কোনো পক্ষ হতে কোনো অভিযোগ দাখিল হয়নি। অভিযোগ হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দ্রুত পুলিশের হস্তক্ষেপে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য উভয়পক্ষকে শান্তি শৃঙ্খলা বজায় রেখে চলার জন্য বলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় আজ বুধবারও সকাল থেকে ক্লাস বন্ধ রেখে উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মঘট পালন করছেন শিক্ষকরা।

এ ব্যাপারে শিক্ষক নেতারা জানান, দাবি আদায় না হওয়া পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য এ আন্দোলন চলবে। এ উপজেলায় প্রায় ৬৫টি’ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে।